গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা) ,৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০৩.৯৯.১৪২.২৩.৯৪

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: মায়িশা নীট কম্পোজিট লিমিটেড নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠান এর অনুকূলে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসংগে।**

সূত্র: আবেদন পত্র নং-৯৭৮, তারিখঃ ২২/০৮/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মায়িশা নীট কম্পোজিট লিমিটেড, অফিস এবং কারখানাঃ ঘাট পিরোজ আলী, জয়দেবপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে বস্ত্র অধিদপ্তরে নিবন্ধিত। যার নিবন্ধন নম্বর: বস্ত্র/এমআই/আরএমজি-০০০০০০৩-১৬; তারিখঃ ০৮/০৯/২০১৬ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: 'ওয়াশিং (গার্মেন্টস)'। প্রতিষ্ঠানটির আইআরসি নং-২৬০৩২৬১২০২০৯৯২৩; তারিখ: ২৬/০৬/২০২৩ খ্রি:। কারখানা কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক শিল্প আইআরসি সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে শিল্প প্রতিষ্ঠানটির কাচাঁমালের জন্য ষান্মাষিক আমদানি স্বত্ত/চাহিদা টাকা=১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র নির্ধারন করে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মায়িশা নীট কম্পোজিট লিমিটেড নামক শিল্প প্রতিষ্ঠানের অনুকুলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে শিল্প প্রতিষ্ঠানটির কাচাঁমালের জন্য ষান্মাষিক আমদানি স্বত্ত/চাহিদা টাকা=১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র নির্ধারন করে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

১১-০৯-২০২৩
মোঃ নিজাম উদ্দিন
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০৩.৯৯.১৪২.২৩.৯৪/১ (৫)

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;

৩। ব্যবস্থাপনা পরিচালক, মায়িশা নীট কম্পোজিট লিমিটেড, অফিস এবং কারখানাঃ ঘাট পিরোজ আলী, জয়দেবপুর, গাজীপুর সদর, গাজীপুর;

৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর এবং

৫। ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।।

১১-০৯-২০২৩
ফরিদা ইয়াছমিন
সহকারী পরিচালক